পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone: (off.) 8613280
9661900-59/4079
Fax: 88-02-9667222
E-mail: examcontrollera7c@du.ac.bd

মেমো নং:-১৭৫৭/শা-২/প.

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২
১০ ডিসেম্বর ২০২৫

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, গুলশান, ঢাকা।

**২০২৪ সনের মাস্টার্স শেষ পর্ব নিয়মিত, অনিয়মিত ও ফলোন্নয়ন পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি।**

মহোদয়,

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে অধ্যক্ষ, ঢাকা কলেজ ও সরকারি ৭ (সাত) কলেজের অন্তর্বর্তীকালীন প্রশাসকের সুপারিশক্রমে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সরকারি সাত কলেজের ২০২৪ সনের মাস্টার্স শেষ পর্ব নিয়মিত, অনিয়মিত ও ফলোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীদেরকে **১১-১২-২০২৫** তারিখ থেকে **২০-১২-২০২৫** তারিখের মধ্যে অনলাইনে ফরমপূরণ করতে হবে। আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো:

**আবেদন ফরম পূরণ, জমাদান, ব্যাংক ড্রাফট ও বিবরণী ফরম এবং অন্যান্য কাগজপত্র জমাদানের তারিখ:**

| পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরমপূরণের শেষ তারিখ | কলেজ কর্তৃক অনলাইনে ভেরিফাই করার শেষ তারিখ | ব্যাংক ড্রাফটের তারিখ |
|---|---|---|
| ২০/১২/২০২৫ | ২২/১২/২০২৫ | ২৪/১২/২০২৫ |

**২০২৪ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী):**

| ক্র.নং | বিবরণ | নির্ধারিত ফি | ক্র.নং | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|---|---|---|
| ১ | তত্ত্বীয় ফি (প্রতি পূর্ণ পত্র) | ২৫০/- | ৯ | সমাজকর্ম বিষয়ের মাঠকর্ম ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) | ১০০০/- |
| ২ | তত্ত্বীয় ফি (প্রতি অর্ধ পত্র) | ১৫০/- | ১০ | টার্ম পেপার ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (প্রযোজ্য ক্ষেত্রে)<br>• বিশ্ববিদ্যালয়ে জমা হবে- ১০০/-<br>• কলেজে জমা হবে- ১৫০/- | ২৫০/- |
| ৩ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কেন্দ্র- ৪৫০/- এবং কলেজ- ৩০০/-) | ৭৫০/- | | | |
| ৪ | মৌখিক পরীক্ষার ফি | ২৫০/- | ১১ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)-<br>• বিশ্ববিদ্যালয়ে জমা হবে -১০০/-<br>• কলেজে জমা হবে- ২০০/- | ৩০০/- |
| ৫ | ব্যবহারিক পরীক্ষার ফি | ২৫০/- | ১২ | থিসিস ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ১,৫০০/- |
| ৬ | কেন্দ্র ফি-ব্যবহারিক (কলেজে জমা হবে) | ১২০/- | ১৩ | সাময়িক সনদ ফি (নিয়মিত ও অনিয়মিত শিক্ষার্থীর জন্য) | ৩০০/- |
| ৭ | আইসিটি ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ৭০০/- | ১৪ | নম্বরপত্র ফি (প্রতি পরীক্ষার্থী জন্য) | ৪৫০/- |
| ৮ | ফলোন্নয়ন পরীক্ষার ফি (প্রতি কোর্স/পত্রকোডের জন্য) | ৪০০/- | ১৫ | নন-কলেজিয়েট ফি (বিশ্ববিদ্যালয়ে জমা হবে) | ১৫০০/- |

১। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলি:

(ক) নিয়মিত

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের মাস্টার্স ফাইনাল এ ঢাকা বিশ্ববিদ্যালয়ে (অধিভুক্ত সরকারি সাত কলেজে) নিবন্ধিত নিয়মিত শিক্ষার্থীরা উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **শিক্ষার্থীদের ক্লাসে কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি ৬০%-৭৪% এর মধ্যে আছে সে সকল শিক্ষার্থীকে "নন-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং "নন-কলেজিয়েট" ফিস প্রদান করতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি ৬০% এর কম আছে সেই সকল শিক্ষার্থীকে "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে। "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।**

(খ) অনিয়মিত

২০২১-২০২২, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের মাস্টার্স ফাইনাল পরীক্ষায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে (অধিভুক্ত সরকারি সাত কলেজে) নিবন্ধিত শিক্ষার্থী যারা ২০২২ ও ২০২৩ সনের মাস্টার্স ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি তারা ২০২৪ সনের মাস্টার্স ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে পাারবে। যে সকল শিক্ষার্থী ২০২২ ও ২০২৩ সনের মাস্টার্স ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য (Incomplete/Failed) হয়েছে তারা যদি চায় উক্ত পরীক্ষায় অনিয়মিত হিসাবে অংশগ্রহণ করতে পারবে এক্ষেত্রে সকল পত্রে অংশগ্রহণ বাধ্যতামূলক।

(গ) ফলোন্নয়ন

২০২২-২০২৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০২৩ সনের মাস্টার্স ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Passed) হয়েছে তারা বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী **B- গ্রেড পর্যন্ত (গ্রেড পয়েন্ট ২.৭৫ পর্যন্ত) ফলোন্নয়ন পরীক্ষা দিতে পারবে এক্ষেত্রে শিক্ষার্থী তার তত্ত্বীয় কোর্সের মোট ক্রেডিটের ২৫% ক্রেডিট ফলোন্নয়ন হিসাবে অংশগ্রহণ করতে পারবে।**

**(ঘ) ২০২২ ও ২০২৩ সনের মাস্টার্স ফাইনাল পরীক্ষার যে সকল শিক্ষার্থী সংশ্লিষ্ট অনুষদের নিয়মানুযায়ী জি.পি.এ না পেয়ে অকৃতকার্য হয়েছে তারা সকল পত্রে অংশগ্রহণের পরিবর্তে "F" গ্রেড/ অনুপস্থিত পত্র/পত্রসমূহের সাথে সর্বোচ্চ ০৩ টি পত্রে এবং যাদের কোনো পত্রে "F" গ্রেড না থাকার পরও সংশ্লিষ্ট অনুষদের নিয়মানুযায়ী ন্যূনতম জি.পি.এ না পেয়ে অকৃতকার্য হয়েছে তারা সর্বোচ্চ ০৩টি পত্রে ফলোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।**

**ব্যবহারিক/ ইনকোর্স/ মৌখিক/ মাঠকর্ম/ টিউটোরিয়াল/ অ্যাসাইনমেন্ট পরীক্ষায়"F" গ্রেড/ অনুপস্থিত ব্যতীত ফলোন্নয়নের কোন সুযোগ নাই।**

২। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য):

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে/ https://student.7college.du.ac.bd/ সাইন আপ করে অনার্স এর রেজিস্ট্রেশন নম্বর (মাস্টার্স ২০২৪ এর রেজিস্ট্রশন নম্বর হিসাবে প্রযোজ্য), বিষয় কোড (৪ সংখ্যার) ও মাস্টার্সের শিক্ষাবর্ষ দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইনে সাবমিট করে এন্ট্রি ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত এন্ট্রি ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই কলেজ কর্তৃক ভেরিফাই করার পূর্ব পর্যন্ত সংশোধন করতে পারবে এবং সংশোধন করার পর অবশ্যই সাবমিট করতে হবে।**

খ) প্রিন্টকৃত এন্ট্রি ফরমে শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং মূলকপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **১৮-১২-২০২৫** তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

৩। অনলাইনে পূরণকৃত আবেদন ফরম ভেরিফাই ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):

ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে/ https://student.7college.du.ac.bd/ লিংক এ গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে, শিক্ষার্থীর ফরমপূরণের ফি জমা সম্পন্ন হয়ে থাকলে এবং পরীক্ষার্থী **মাস্টার্স ফাইনাল ২০২৪ সনের পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী (বিজ্ঞপ্তির ১নং অনুচ্ছেদ অনুযায়ী)** পূরণ করলে কলেজ কর্তৃপক্ষ ইনকোর্স নম্বর ইনপুট পূর্বক ভেরিফাই করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি ভেরিফাই হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত এন্ট্রি ফরমে বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

**বি: দ্র: কলেজ কর্তৃক ভেরিফাই করার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। মাস্টার্স ফাইনাল ২০২৪ সনের পরীক্ষার ফরমপূরণের শর্তাবলী পূরণ করেনি এমন কোন শিক্ষার্থীর ডাটা ভেরিফাই করা যাবে না।**

৪। ইনকোর্স ও টার্ম পেপার পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলি (কলেজের জন্য):

ক) পরীক্ষার্থীদের ইন-কোর্স/টার্ম পেপার পরীক্ষার প্রাপ্ত নম্বর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে এন্ট্রি দিয়ে ভেরিফাই করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক ভেরিফাই করার শেষ তারিখের পর অনলাইন থেকে ইনকোর্স নম্বরের তালিকা ডাউনলোড করে বিভাগীয় প্রধান এবং কলেজ অধ্যক্ষ মহোদয়ের স্বাক্ষরের পর এক কপি পরীক্ষা উপ-নিয়ন্ত্রক ও দুই কপি পরীক্ষা কমিটির নিকট প্রেরণ করতে হবে।

খ) ইনকোর্স ও টার্মপেপার পরীক্ষার মূল নম্বর পত্রের (ম্যানুয়াল কপি) ফটোকপি কলেজ সংরক্ষণ করবে এবং মূল কপি (ম্যানুয়েল কপি) ফরম পূরণের বিবরণী ও ফি জমাদানের সাথে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।

৫। ফি জমাদানের নিয়মাবলী:

২০২৪ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "Seven College Student fees" শিরোনামে হিসাব নং: ৪৪০৫৭০৩০০০০৯৪- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে -অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় **(A/C Payee)** হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা কলেজ কর্তৃপক্ষ "CONTROLLER OF EXAMINATIONS" শিরোনামে হিসাব নং:-33011288 (সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। কলেজ কর্তৃপক্ষ তাদের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে (শিক্ষার্থী প্রতি) আদায় করবে। এখানে উল্লেখ্য যে, **২০২৪ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার সকল পরীক্ষার্থীর ফিসের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের** সাথে হিসাবের পূর্ণ বিবরণীর প্রিন্টকপি এবং সফটকপি (ই-মেইলে) প্রেরণ করতে হবে।

৬। বিবিধ:

ক) পরীক্ষার্থীদের পরীক্ষার হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল প্রবেশ পত্র প্রদর্শন করতে হবে।

খ) পরীক্ষার্থীর প্রবেশপত্রে উল্লিখিত নির্দিষ্ট বিষয়/পত্র কোড ছাড়া অন্য কোনো বিষয়/পত্র কোড -এ পরীক্ষায় অংশগ্রহণ করলে তার পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

গ) পরীক্ষার সময়সূচি যথাসময়ে সংশিষ্ট কলেজ/কেন্দ্রসমূহে প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

আপনার বিশ্বস্ত

(ড. হিমাদ্রি শেখর চক্রবর্তী)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়
Email: examcontrollera7c@du.ac.bd

১০.১২.২০২৪